

একুশতম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর শেয়ার মালিকগণের ২১তম বার্ষিক সাধারণ সভা আগামী ৬ জানুয়ারী ২০১৮ তারিখ, সকাল ১০.০০ ঘটিকায় “মুক্তি হল”, বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০ ঠিকানায় নিম্নে উল্লেখিত আলোচ্যসূচী বিবেচনার জন্য অনুষ্ঠিত হবেঃ

আলোচ্যসূচীঃ

- ১। ৩০ জুন ২০১৭ বছর শেষে কোম্পানীর নিরীক্ষিত লাভ-ক্ষতি হিসাব, স্থিতি পত্র সঙ্গে পরিচালকগণের এবং বহিঃ নিরীক্ষকগণের প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদন করা।
- ২। ৩০ জুন ২০১৭ বছর শেষের জন্য সুপারিশকৃত নগদ লাভ্যাংশ অনুমোদন করা।
- ৩। কোম্পানীর পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন করা।
- ৪। ৩০ জুন ২০১৮ বছরের জন্য পরবর্তী বার্ষিক সাধারণ সভা পর্যন্ত কোম্পানীর বহিঃনিরীক্ষক নিয়োগ/পুনঃনিয়োগ ও তাদের পারিশ্রমিক নির্ধারণ করা।

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর সকল শেয়ার মালিকগণকে উল্লেখিত সভায় উপস্থিত হওয়ার জন্য সর্বিনয়ে অনুরোধ করা হচ্ছে।

পরিচালক পর্ষদের আদেশক্রমে,

মোঃ আশরাফ হোসেন
কোম্পানী সচিব

দৃষ্টব্যঃ

- ১। উক্ত সভার রেকর্ড ডেট ১৬ নভেম্বর ২০১৭। রেকর্ড ডেট এ কোম্পানীর যে সকল শেয়ার মালিকগণের নাম মেম্বার রেজিস্টারে এবং সিডিবিএল এর তালিকায় থাকবে তারা উক্ত বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য যোগ্য এবং সভায় অনুমোদিত হলে লভ্যাংশ পাবেন।
- ২। কোম্পানীর সদস্য যিনি সভায় যোগদানে এবং ভোট দানে যোগ্য তিনি তাঁর পক্ষে সভায় উপস্থিত থাকতে ও ভোট প্রদানে প্রক্সি নিয়োজিত করতে পারেন। প্রক্সি ফর্ম যথাযথভাবে পূরণ করে, স্বাক্ষর পূর্বক এবং টাকা ২০/- এর রেভিনিউ স্ট্যাম্প সংযুক্ত করে বার্ষিক সাধারণ সভা শুরুর কমপক্ষে ৪৮ ঘন্টা পূর্বে কোম্পানীর করপোরেট অফিস, আইইবি ভবন (নতুন), ৪র্থ তলা, ৮/এ, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় জমা দিতে হবে।
- ৩। সভা কক্ষে প্রবেশের জন্য বার্ষিক প্রতিবেদনের সঙ্গে সংযুক্ত উপস্থিতি স্লিপ যথাযথভাবে পূরণ করে প্রদর্শন পূর্বক সভা কক্ষে প্রবেশ করতে হবে।
- ৪। সম্মানিত শেয়ারমালিকগণকে ১৬ নভেম্বর ২০১৭ তারিখের পূর্বে বিও হিসাবে তাদের ঠিকানা, ফোন নম্বর, ই-মেইল আইডি, ব্যাংকের নাম, ব্যাংকের শাখা, ব্যাংক হিসাব নম্বর, রাউটিং নম্বর, ১২ ডিজিট টিআইএন সংশ্লিষ্ট ডিপির সাথে যোগাযোগ করে রেকর্ডভুক্ত করার জন্য অনুরোধ করা হলো। আয়কর আইন অনুযায়ী যেসকল শেয়ারমালিকগণের বিও হিসাবে ১২ ডিজিট টিআইএন থাকবে না তাদের প্রাপ্য লভ্যাংশ হতে ১৫% হারে আয়কর কর্তন করা হবে।
- ৫। মার্জিন লোন প্রদানকারী ডিপিরদেরকে সংশ্লিষ্ট শেয়ারমালিকগণের নাম, বিও হিসাব নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি ছক আকারে বার্ষিক সাধারণ সভার পূর্বে কোম্পানীর শেয়ার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৬। যে সকল শেয়ারমালিকগণ পূর্ববর্তী অর্থবছরসমূহে প্রাপ্য লভ্যাংশ গ্রহণ করেননি তাদেরকে প্রয়োজনীয় প্রমাণসহ উপরে উল্লিখিত ঠিকানায় যোগাযোগ করে লভ্যাংশ গ্রহণ করতে অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুসারে একুশতম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে কোন উপহার অথবা নগদ অর্থ বা দ্রব্যসামগ্রী প্রদান করা হবে না।